গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
সোনাগাজী, ফেনী
cooperative.sonagazi.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's charter)

### আমাদের পরিচিতি:

সমবায় অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার মন্ত্রনালয়ের অধীন পল্লীউন্নয়ন ও সমবায় বিভাগের একটি সরকারী প্রতিষ্ঠান। ১৯০৪ সাল থেকে এদেশের জনগণকে সমবায়ের ৭টি আদর্শে উদ্বুদ্ধ করে এ প্রতিষ্ঠান দেশের সকল শ্রেণীর ও পেশার জনগণের আর্থ সামাজিক উন্নয়ন কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র দূরীকরণের জন্য কাজ করে আসছে। এ দেশের সমবায় আন্দোলন আন্তর্জাতিকভাবে স্বীকৃত ৭টি আদর্শ দ্বারা পরিচালিত হয়। এগুলো হচ্ছে :

- স্বত:স্ফূর্ত ও অবাধ সদস্যপদ (Voluntary and Open Membership)
- সদস্যের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ (Democratic Member Control)
- সদস্যের আর্থিক অংশগ্রহণ (Member Economic Participation)
- স্বায়ত্তশাসন ও স্বাধীনতা (Autonomy and Independence)
- শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য (Education, Training and Information)
- আন্ত:সমবায় সহযোগিতা (Co-operation among Co-operative)
- সামাজিক অঙ্গীকার (Concern for Community)

সমবায়ের ভিত্তি হচ্ছে গণতন্ত্র, সাম্য ও সংহতি এবং এর লক্ষ্য হচ্ছে স্বাবলম্বিতা ও স্বনির্ভরতা। মূলত: কৃষি নির্ভর অর্থনীতিকে সমর্থন করার জন্য এদেশে সমবায়ের সূচনা হলেও বর্তমানে অর্থনীতির প্রায় সকল ক্ষেত্রে সমবায় তার কার্যক্রমকে বিস্তৃত করেছে। সরকারী কর্মসূচী এবং জনস্বার্থের সাথে সংগতি রেখে সমবায় সমিতি গঠন, নির্বাচন, মূলধন সৃষ্টি, বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং বিভিন্ন ব্যবসায়িক কার্যক্রমে অনুপ্রেরণা সৃষ্টির মাধ্যমে সমবায় অধিদপ্তর দায়িত্ব পালন করে আসছে। উপজেলা সমবায় কার্যালয়, জেলা সমবায় কার্যালয়, বিভাগীয় সমবায় কার্যালয়, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট (১০টি), বাংলাদেশ সমবায় একাডেমী (কুমিল্লা) এবং সমবায় অধিদপ্তরে প্রায় ৫০০০ জন কর্মকর্তা/কর্মচারী জাতীয়, কেন্দ্রীয় এবং প্রাথমিক সমবায় সমিতির সদস্যগণকে আইনগত সহায়তাসহ মানব সম্পদ বৃদ্ধিতে প্রয়োজনীয় সহযোগিতা করে আসছে।

### আমাদের প্রত্যাশা ও লক্ষ্য :(Mission & Vision)

#### অভিলক্ষ্য (Mission):

গণতন্ত্রমনা দুর্নীতিমুক্ত, স্বচ্ছ, জবাবদিহিতামূলক নারীপুরুষ নির্বিশেষে সুশিক্ষিত ও সুদক্ষ জনশক্তি গড়ে তোলার মাধ্যমে সমবায় আন্দোলনকে বেগবান করা।

#### রুপকল্প (Vision):

ধনী, দরিদ্র নির্বিশেষে স্বীয় চেষ্টায় উন্নয়নে প্রত্যয়ী জনগোষ্ঠীকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উদ্যোক্তা সৃষ্টি ও পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্বকর্মসংস্থান ও আত্মনির্ভরশীল করে দারিদ্র দূরীকরণ। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে দেশে সামাজিক ও অর্থনৈতিক টেকসই উন্নয়নে সহযোগিতামূলক অংশগ্রহণ নিশ্চিত করা।

### আমাদের দায়িত্ব :

- ধনী দরিদ্র নির্বিশেষে গণতন্ত্রমনা জনগণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করা এবং তাঁদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন, তত্ত্বাবধায়ন ও আইনগতভাবে নিয়ন্ত্রণ করা।
- নিবন্ধিত সমবায় সমিতির নিরীক্ষা, পরিদর্শন ও তদন্ত করা। সমবায় সমিতির বিভিন্ন অনিয়মের জন্য দোষী সদস্যদের দন্ড প্রদান করা।
- সমবায় সমিতির বিভিন্ন ধরনের বিরোধ ও আপীল নিষ্পত্তি ও অকার্যকর সমিতির নিবন্ধন বাতিল করা।
- সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সৃজনশীল ও পেশাগতভাবে দক্ষ করে গড়ে তোলা।
- সমবায় নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দকে সমবায় সম্পর্কিত জ্ঞান, দক্ষতা বৃদ্ধির জন্য সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন, নেতৃত্বের বিকাশ, আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান। সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা।
- সমবায় সমিতির উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির উপর জরিপ, গবেষণা ও কেস স্টাডি পরিচালনা করা এবং এর উপর প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের অনুমোদনক্রমে টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- সরকার কর্তৃক বাস্তবায়িত আশ্রয়ণ/আবাসন, এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ।
- সমবায় সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা।

## আমাদের সেবা সমূহ : (নাগরিক সেবা)

১। আইনগত সেবা:

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক আইনগত সেবা সমূহ :

| ক্র/ নং | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তিস্থান | সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ইমেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোডসহ অফিসিয়াল টেলিফোন ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সমবায় সমিতি নিবন্ধন প্রদান | অনলাইনে আবেদন প্রাপ্তির ৬০ দিনের মধ্যে | ১. নির্ধারিত ফরমে আবেদন পত্র (ফরম-১) (বিধি-৫ দ্রষ্টব্য) | উপজেলা সমবায় দপ্তর, সোনাগাজী | **ক) নিবন্ধন ফি :** জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে ৫০০০/- টাকা, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে ১০০০/- টাকা, অন্যান্য প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে ৩০০/- এবং দারিদ্র বিমোচনের আওতায় নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে ৫০/-টাকা ট্রেজারী চালানের মূলে সরকারী কোষাগারে পরিশোধযোগ্য। **খ) ভ্যাট :** নির্ধারিত নিবন্ধন ফি এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারী চালানের মূলে সরকারী কোষাগারে পরিশোধযোগ্য। | উপজেলা সমবায় অফিসার, সোনাগাজী, ফেনী ০১৭৭৭১১১৫৯১ | জেলা সমবায় অফিসার, ফেনী ০৩৩১-৬২৯৫৩ dco_feni1@yahoo.com |
| | | | ২. নূন্যতম ২০(কুড়ি) জন একক ব্যক্তির (সর্বনিম্ন ১৮ বছর বয়সী) জাতীয়তার সনদ/জাতীয় পরিচয় পত্র। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে সংগ্রহ পূর্বক সদস্যগণ সরবরাহ করবেন । | | | |
| | | | 3. প্রত্যেকের দুই কপি করে পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি | ঐ | | | |
| | | | 4. সাংগঠনিক সভার কার্যবিবরণী | ঐ | | | |
| | | | 5. প্রস্তাবিত সমিতি পরিচালনাকালীন সময়ের জমা-খরচ হিসাব বিবরণী এবং সদস্যগণের জমাকৃত শেয়ার ও সঞ্চয় আমানতের তালিকা। | ঐ | | | |
| | | | 6. সমিতি সংগঠিত হওয়ার পরবর্তী দুই বছরের বার্ষিক বাজেট প্রাক্কলন। | ঐ | | | |
| | | | 7. নিবন্ধন ফি ও ভ্যাট জমার ট্রেজারী চালান কপি | ঐ | | | |
| | | | ৮. সমিতির প্রস্তাবিত উপ-আইনের 03(তিন) কপি। | ঐ | | | |
| | | | ৯. 300/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অফিস ভাড়ার চুক্তিপত্র। | ঐ | | | |
| | | | ১০. সরকারী সাহায্য ছাড়া চলতে পারার অংগীকারনামা, উপআইন মেনে চলার অঙ্গীকারনামা ও ব্যাংকিং কার্যক্রম না করার অঙ্গীকারনামা (সমিতির সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত) | ঐ | | | |
| | | | 11. কতিপয় শ্রেণীর সমিতির নামের সাথে ব্যক্তি সদস্যের পেশার মিল/সামঞ্জস্য থাকা আবশ্যক। | ঐ | | | |
| | | | 12. নিবন্ধকের অনুমোদনের জন্য প্রথম ব্যবস্থাপনা কমিটির নাম প্রস্তাব। | ঐ | | | |
| | | | 13. নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ । | উপজেলা সমবায় দপ্তর কর্তৃক প্রশিক্ষণ সমাপ্ত করা । | | | |
| ২. | সমবায় সমিতির উপ-আইন সংশোধন | অনলাইনে আবেদন প্রাপ্তির ৬০ দিনের মধ্যে | ১. নির্ধারিত ফরমে আবেদন পত্র (ফরম-৪) {বিধি-৯(২) দ্রষ্টব্য}<br>2. প্রস্তাবিত উপ-আইন/উপ-আইনের সংশোধনী সমূহ।<br>3. ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার কার্যবিবরণী এবং সাধারণ সদস্যগণের অনুকূলে প্রেরিত নোটিশ। | উপজেলা সমবায় দপ্তর, সোনাগাজী | | উপজেলা সমবায় অফিসার, সোনাগাজী, ফেনী ০১৭৭৭১১১৫৯১ | জেলা সমবায় অফিসার, ফেনী ০৩৩১-৬২৯৫৩ dco_feni1@yahoo.com |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ব্যবস্থাপনা | ১-৩ দিন | ক্ষেত্রমতে অন্তর্বর্তী কমিটি নিয়োগের আবেদন | সমিতি দাখিল করবে | - | উপজেলা সমবায় অফিসার, সোনাগাজী | জেলা সমবায় অফিসার, ফেনী |
| | অডিট, | ১-৭ দিন | নিবন্ধক কর্তৃক অডিটর নিয়োগ আদেশ | উপজেলা/জেলা সমবায় দপ্তর | - | অডিট অফিসার | |
| | পরিদর্শন, | ১-৩ দিন | - | - | - | উপজেলা সমবায় অফিসার নিজ উদ্যোগে | জেলা সমবায় অফিসার নিজ উদ্যোগে |
| | তদন্ত | ১-৭ দিন | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তদন্তের নিয়োগ আদেশ | সমিতির লিখিত অভিযোগ | - | উপজেলা সমবায় অফিসার/ অন্যকেউ। | জেলা সমবায় অফিসার/ অন্যকেউ। |
| | ও অবসায়ন | ১-৩ মাস | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অবসায়ন নিয়োগ আদেশ | সমিতির লিখিত অভিযোগ/ সমিতির অডিট নোট | - | উপজেলা সমবায় অফিসার/ অন্যকেউ। | জেলা সমবায় অফিসার |
| ৩ | প্রশিক্ষণ সেবা: (প্রাতিষ্ঠানিক) | | সমবায় বিভাগের নিজ উদ্যোগে প্রশিক্ষণ প্রদানের জন্য সমবায়ী মনোনয়ন | - | বিনা মূল্যে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষনার্থীদের দৈনিক ও যাতায়াত ভাতা দেয়া হয়। | বাংলাদেশে ১০ টি আঞ্চলিক সমবায় ট্রেনিং ইনস্টিটিউট ও বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা। | - |
| | সমিতি ব্যবস্থাপনা | ৫ দিন | | | | | |
| | পেশাগত দক্ষতা অর্জন | ৫-১৫ দিন | | | | | |
| | বিভিন্ন আয়বর্ধনমূলক | ৫-১৫ দিন | | | | | |
| | ভ্রাম্যমান প্রশিক্ষণ : (অপ্রাতিষ্ঠানিক) | ১ দিন | | | | সংশ্লিষ্ট সমিতির কার্যালয়। | জেলা সমবায় দপ্তরের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের তত্বাবধানে |
| ৪ | অভিযোগ/বিরোধ নিস্পত্তি | ১-৩ মাস | আরবিট্রেটর বা শালিসকারী নিয়োগ আদেশ । | সমিতির লিখিত অভিযোগ | ১০০ /-স্ট্যাম্প | উপজেলা সমবায় অফিসার, সোনাগাজী | জেলা সমবায় অফিসার, ফেনী |

## আমাদের অঙ্গীকার :

আমরা অঙ্গীকার করছি যে,

- সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন সকল বিভাগ, জেলা ও উপজেলার কর্মকর্তা/কর্মচারীর কর্মদক্ষতা যাতে বৃদ্ধি পায় সে বিষয়ে সচেষ্ট থাকব; এ ছাড়া সকল কর্মীর যাতে স্বচ্ছতা জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সেবামূলক মনোভাব বৃদ্ধি পায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করব।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধিত ২০২০) মোতাবেক সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ন্যায়ানুগভাবে নিস্পত্তির চেষ্টা করব।
- ব্যক্তি/বেসরকারী পর্যায়ে প্রাপ্ত পত্রের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করে ১৫ দিনের মধ্যে তা নিস্পত্তি করার চেষ্টা করব। এ সময়ের মধ্যে নিস্পত্তি করা সম্ভব না হলে সে ক্ষেত্রে আবেদনকারীকে অগ্রগতির বিষয়টি অবহিত করে আশ্বস্ত করব।
- অফিসে সময়মত উপস্থিতি এবং অফিস চলাকালীন সময়ে উপস্থিতি নিশ্চিত করব। প্রয়োজনে সার্বক্ষনিক উপস্থিত থেকে অর্পিত দায়িত্ব পালন করব।
- অবসরে যাওয়া কর্মকর্তা/কর্মচারীদের দুর্ভোগ লাঘবে ক্ষেত্র ভেদে ৭ কর্মদিবসের মধ্যে নিস্পত্তির ব্যবস্থা করবো এবং সমবায় বিভাগে অগ্রায়ণ করবো। এ সময়ে নিস্পত্তি সম্ভব না হলে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে জানিয়ে দিব।
- অফিসে পরিস্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করার প্রচেষ্টা গ্রহণ করব।
- নিয়মিত তদারকী/পরিদর্শনের মাধ্যমে উপজেলার কার্যক্রমকে ত্বরান্বিত করবো এবং কর্ম করার দক্ষতা বৃদ্ধির চেষ্টা করব।
- সাক্ষাৎ প্রার্থীদের বিষয়গুলো মনযোগ দিয়ে শুনে তড়িৎ ব্যবস্থা গ্রহণ করব।
- সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে সরকারী বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করব।

বাস্তবায়নে : উপজেলা সমবায় দপ্তর, সোনাগাজী, ফেনী